গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(আইসিটি শাখা)
www.moulvibazar.gov.bd

**সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা কমিটি'র নভেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার। |
| সভার তারিখ ও বার | : | ২২ নভেম্বর ২০২২, রোজ মঙ্গলবার |
| সভার সময় | : | দুপুর ০১:২০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, গত সভাটি ১৬ অক্টোবর ২০২২ খ্রি. অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভার কার্যবিবরণী ০১ নভেম্বর ২০২২ খ্রি. ০৫.৪৬.৫৮০০.০২৬.৯৯.০১২.২২-৯৯(১৬) নম্বর স্মারকে সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১. সভা আয়োজনঃ** সভায় জানানো হয় জেলা কমিটি প্রতিমাসে একবার এবং উপজেলা কমিটি প্রতি তিনমাসে একবার সভা করার নির্দেশনা রয়েছে। সভায় এপিএ-র কার্যক্রম/কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে জেলা ও উপজেলা এপিএ কমিটি/টিমের সভা নিয়মিতভাবে করার বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং নিয়মিত সভার কার্যবিবরণী জেলা কমিটিতে প্রেরণের ধারা অব্যাহত রাখার বিষয় আলোচিত হয়। | ১.১ উপজেলা কমিটির সভা তিন মাস অন্তর অন্তর আয়োজন করে সভার কার্যবিবরণী প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>১.২. জেলা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয় নিশ্চিত করতে হবে। | ১। সভাপতি/সদস্য সচিব, উপজেলা এপিএ কমিটি, (সকল), মৌলভীবাজার।<br>১.২ সদস্য সচিব ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার। |
| **২. সকল অফিসে এপিএ বাস্তবায়নঃ** গত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরের তথ্য যে সকল দপ্তর হতে পাওয়া যায়নি সে সকল জেলা পর্যায়ের দপ্তরের তথ্য সংগ্রহ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২.১ পত্র প্রেরণের পরও যে সকল দপ্তর হতে এখন পর্যন্ত তথ্য পাওয়া যায়নি সেসকল দপ্তরকে পুনঃরায় তাগিদপত্র প্রেরণ করতে হবে।<br>২.২ উপজেলা কমিটি উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের এপিএ চুক্তি স্বাক্ষরের তথ্য সংগ্রহ নিশ্চিত করবে এবং আগামী সভায় সুনির্দিষ্ট তথ্য প্রেরণ করবে। | ২.১ সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।<br>২.২ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা এপিএ কমিটি, (সকল), মৌলভীবাজার। |
| **৩. ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণঃ** গত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের ১ম ত্রৈমাসিক সংগ্রহ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, জেলা পর্যায়ের মোট ২১টি দপ্তরের ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন দপ্তরে প্রেরণপূর্বক অনুলিপি এ কার্যালয়ে | ৩.১ যে সকল দপ্তরসমূহ হতে অদ্যাবধি ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক স্ব স্ব উর্ধ্বতন দপ্তরে প্রেরণ সংক্রান্ত তথ্য জেলা কমিটিকে অবহিত করেননি সে সকল দপ্তরকে পুনঃরায় তাগিদপত্র প্রেরণ করতে হবে।<br>৩.২ উপজেলা পর্যায়ের অফিস সমূহের ত্রৈমাসিক প্রতিবেদন সংগ্রহে উপজেলা কমিটি | সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।<br>৩.২ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা এপিএ কমিটি, মৌলভীবাজার (সকল)। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট দপ্তরসমূহের ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ৪. **এপিএ সংক্রান্ত সেবাবক্স হালনাগাদকরণঃ** সভায় এপিএ সংক্রান্ত জেলা কমিটির সদস্যভূক্ত সকল দপ্তরের স্ব স্ব ওয়েবপোর্টালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত সেবাবক্স সংশোধন/হালনাগাদ করার বিষয়ে আলোচিত হয়। | ৪.১ সকল দপ্তরের ওয়েবসাইটে সুশাসন সম্পর্কিত উপকরণসমূহের সেবাবক্স মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত ফরম্যাটে প্রস্তুত ও হালনাগাদ করতে হবে। | ১। সদস্য সচিব, জেলা এপিএ কমিটি, মৌলভীবাজার।<br>২) জেলা এপিএ কমিটির সদস্যবৃন্দ। |
| **৫. বিবিধঃ**<br>এপিএ প্রমাণক দাখিল/প্রেরণ/সংরক্ষণ সময়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা এবং ফিডব্যাক সভার আলোকে দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এপিএ প্রমাণক দাখিলে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করতে হবে। | সদস্য সচিব<br>জেলা এপিএ কমিটি/উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার ও সভাপতি, উপজেলা এপিএ কমিটি, মৌলভীবাজার (সকল)। |

পরিশেষে সভায় আর কোন বিষয় আলোচনার না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২২
(মীর নাহিদ আহসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
☏০৮৬১-৬৩২০২
dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০২৬.৯৯.০১২.২২-১০৭(১৬)

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৯ / ৩০ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট (সদয় অবগতির জন্য)।
৩. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, মৌলভীবাজার।
৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
১০. উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস/জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
১১. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।

৩০/১১/২২
জেলা প্রশাসক
মৌলভীবাজার